দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# শীঘ্রই আরো পঁচিশ হাজার শিক্ষক নিয়োগ করা হবে ঃ শিক্ষামন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাথমিক পর্যায়ে শিগগিরই আরো ২৫ হাজার শিক্ষক নিয়োগ করা হবে। ইতিমধ্যে ২০ হাজার শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান বৃদ্ধিতে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শিগগিরই শুরু হবে। সেই সঙ্গে শিক্ষকদের বেতন বৈষম্য দূর করতে পে কমিশন বাস্তবায়নের কাজ চলছে বলেও জানান তিনি। তিনি বলেন, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বাড়িয়ে সরকারি স্কুলের সমান করা হবে।

গতকাল মঙ্গলবার রাজধানীর সোনারগাঁও হোটেলে তিন দিনব্যাপী অষ্টম আন্তর্জাতিক ভাষা এবং উন্নয়ন সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখেন। শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয়, ডিপার্টমেন্ট অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ডিএফআইডি), বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহায়তায় ব্রিটিশ কাউন্সিল এ সম্মেলনের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার কওমী মাদ্রাসার শিক্ষাসূচি পরিবর্তনের চিন্তাভাবনা করছে। মাদ্রাসা শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলা হবে বলে তিনি জানান। তিনি বলেন, ভাষা বাংলাদেশীদের জন্য একটি ঐতিহাসিক ভূমিকা পালন করছে। এ ধরনের সম্মেলন ভাষা ও উন্নয়ন বিষয়ক সব ধরনের ইস্যু ও চ্যালেঞ্জকে তুলে ধরবে।

শিক্ষামন্ত্রী বলেন, মাতৃভাষা বাংলা আমাদের সবগুলো জাতীয় আন্দোলন-সংগ্রামের প্রেরণার উৎস। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশে উন্নয়নের লক্ষ্যে ভাষার উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। মাতৃভাষা বাংলা উন্নয়নের পাশাপাশি ইংরেজীসহ বিভিন্ন বিদেশী ভাষা শিক্ষার ওপর জোর দিতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে ব্রিটিশ হাইকমিশনার স্টিফেন ইভান্স বলেন, শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের আলোচনার মাধ্যমে সৃজনশীল আলোচনার পথ খুলে যাবে। শিক্ষার উন্নয়নে ব্রিটিশ কাউন্সিলের নানা পদক্ষেপের নানা তথ্য তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম, ব্রিটিশ কাউন্সিলের পরিচালক চার্লস নাট্টাল প্রমুখ বক্তব্য রাখেন। অষ্টম আন্তর্জাতিক ভাষা এবং উন্নয়ন সম্মেলনের প্রতিপাদ্য হচ্ছে ভাষা ও উন্নয়ন : সমাজ সংস্কৃতির ইস্যু ও চ্যালেঞ্জ।